

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা  
(সাধারণ শাখা)  
[www.dhaka.gov.bd](http://www.dhaka.gov.bd)

স্মারক নম্বর: ০৫.৪১.২৬০০.০০৯.১৮.০১০.২৩-

তারিখ: পৌষ ১৪২৯ বঙ্গাব্দ  
জানুয়ারি ২০২৩ খ্রি:

### বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৩ সালের জন্য জেলা প্রশাসন ঢাকা ও এর আওতাধীন মাঠ পর্যায়ের সকল (উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা ভূমি অফিস, মহানগর রাজস্ব সার্কেল ও ইউনিয়ন ভূমি অফিসসমূহ) কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ ঢাকা জেলা প্রশাসন কল্যাণ ফাউন্ডেশন-এর সদস্য হিসেবে চিকিৎসা ও শিক্ষাবৃত্তির জন্য আবেদন করতে পারবেন। সে লক্ষ্যে ঢাকা জেলা প্রশাসন কল্যাণ ফাউন্ডেশন; গঠনতন্ত্র, ২০২২ এবং শিক্ষাবৃত্তি প্রদান সংক্রান্ত নীতিমালা-২০২২ জারি করা হয়েছে। উক্ত গঠনতন্ত্র ও নীতিমালা অনুযায়ী নিম্নবর্ণিত শর্তে চিকিৎসা সহায়তা ও শিক্ষাবৃত্তির জন্য কর্মকর্তা কর্মচারীবৃন্দের নিকট থেকে আবেদন আহ্বান করা যাচ্ছে;

ক) দুরারোগ্য ব্যাধি ও ব্যয়বহুল চিকিৎসার জন্য সাহায্যের আবেদন করা যাবে। আবেদনের ক্ষেত্রে চিকিৎসা সংক্রান্ত যাবতীয় ডাক্তারি সনদ ও প্রমাণপত্র অবশ্যই সংযুক্ত করতে হবে;

খ) কর্মকর্তা কর্মচারীবৃন্দের সন্তানদের বই ও শিক্ষা উপকরণ ক্রয় এবং পড়াশোনা নির্বিলম্ব ও সহজতর করতে মাসিক ও বাৎসরিক শিক্ষা বৃত্তি প্রদান করা হবে। এ ক্ষেত্রে শিক্ষাবৃত্তি প্রদান সংক্রান্ত নীতিমালা ২০২২ অনুসরণ করা হবে;

গ) স্কুল কলেজে অধ্যয়নরত শিক্ষার্থীদের ক্ষেত্রে আবেদনের সাথে নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র এবং বিশ্ববিদ্যালয় পর্যায়ে বিভাগীয় প্রধানের প্রত্যয়নপত্র পত্র অবশ্যই সংযুক্ত করতে হবে;

ঘ) জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা-এর কর্মকর্তা-কর্মচারীবৃন্দের সংশ্লিষ্ট শাখার ভারপ্রাপ্ত কর্মকর্তা এবং উপজেলা নির্বাহী অফিসার, মহানগর রাজস্ব সার্কেল এবং উপজেলা ভূমি অফিসের কর্মকর্তা-কর্মচারীবৃন্দের সংশ্লিষ্ট অফিস প্রধানের মাধ্যমে জেলা প্রশাসক, ঢাকা বরাবর আবেদন করতে হবে;

ঙ) সকল কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এবং তাদের উপর নির্ভরশীল সদস্যবৃন্দ এই চিকিৎসা ও শিক্ষাবৃত্তির আওতায় আসবেন;

চ) আবেদনপত্র জমাদান শুরুর তারিখ ০৫ জানুয়ারি ২০২৩;

ছ) আবেদনপত্র জমাপ্রদানের শেষ তারিখ ৩১ জানুয়ারি ২০২৩।

স্বাক্ষরিত/-  
ইমতিয়াজ মোরশেদ  
সিনিয়র সহকারী কমিশনার  
সাধারণ শাখা  
জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।  
ফোন: ০২-৪১০৫১০০৭  
[acgdhaka@gmail.com](mailto:acgdhaka@gmail.com)

স্মারক নম্বর: ০৫.৪১.২৬০০.০০৯.১৮.০১০.২৩- ৫৩

তারিখ: ২১ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ  
০৫ জানুয়ারি ২০২৩ খ্রি:

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ সহ)।
- ২) অতিরিক্ত জেলা প্রশাসক (সকল)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা (বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ সহ)।
- ৩) উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঢাকা (বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ সহ)।
- ৪) সিনিয়র সহকারী কমিশনার/ সহকারী কমিশনার ..... শাখা (বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ সহ)।
- ৫) সহকারী কমিশনার (ভূমি) (সকল উপজেলা), ঢাকা (বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ সহ)।
- ৬) সহকারী কমিশনার (ভূমি),..... মহানগর রাজস্ব সার্কেল ঢাকা (বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ সহ)।
- ৭) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- ৮) প্রশাসনিক কর্মকর্তা, সংস্থাপন শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ সহ)।
- ৯) প্রধান সহকারী ..... শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।
- ১০) শাখা কর্মচারী (সকল), ঢাকা।



ইমতিয়াজ মোরশেদ  
সিনিয়র সহকারী কমিশনার  
সাধারণ শাখা  
জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।  
ফোন: ০২-৪১০৫১০০৭  
acgdhaka@gmail.com